

HOOGHLY WOMEN'S COLLEGE
DEPARTMENT OF BENGALI

Syllabus for 3-Year Degree / 4-Year Honours in
Bengali under
Curriculum and credit Framework for Undergraduate
Programmes (CCFUP) as per NEP
Course OUT COME

Semester I

1. Major Coures:

Course Title: সাহিত্য : প্রাথমিক ধারণা

কোর্সটির উদ্দেশ্যে হল বাংলা সাহিত্যের প্রাথমিক ধারণা লাভ। এই কোর্সে শিক্ষার্থীরা সাহিত্যের বিভিন্ন সংরূপগুলি ও তার গঠনের প্রাথমিক পরিচয় পাবে। সংরূপগুলি তারা বাংলা সাহিত্যের বিভিন্ন নিদর্শন সহকারে বুঝতে শিখবে।

2. Minor Coures:

Coures Title: সাহিত্য: প্রাথমিক ধারণা

Objective of the Course: এই কোর্সের উদ্দেশ্য সাহিত্যের বিভিন্ন সংরূপ ও তার গঠনের সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হবে। এই কোর্সটি পড়ার পর বাংলা কবিতা, ছোটগল্প ও প্রবন্ধের ধারার সঙ্গে শিক্ষার্থীদের প্রাথমিক পরিচয় ঘটবে। এই সংরূপগুলির বিভিন্ন বিষয় ও গঠনের বিচিত্র রূপের সঙ্গে তাদের পরিচয়ের সূত্রপাত হবে এই কোর্সের মাধ্যমে।

3. Multi / Interdisciplinary Course -

Course Title: কবিতা, নাটক, গল্প, প্রবন্ধ

এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা কবিতা, নাটক, গল্প এবং প্রবন্ধের মাধ্যমে বাংলা সাহিত্যের বিচিত্র রূপের একটি প্রাথমিক ও প্রতিনিধিত্বমূলক পরিচয় পাবে।

4.AEC (L1- 1 MIL)

Course Title: সাহিত্যের বোধ ও বিচার

এই কোর্সটির উদ্দেশ্য ভাষা এবং সাহিত্য বোধ ও সাহিত্য বিচারের প্রাথমিক ধারণা দেওয়া। কোনো সাহিত্যিক নিদর্শনকে শিক্ষার্থী তার বোধ ও বিচারশক্তি দিয়ে কীভাবে আয়ত্ত করতে পারে, সেটাই এই কোর্সে তাকে শেখানো হবে। এই কোর্সে পড়ার পর শিক্ষার্থী সাহিত্যের বিষয় অনুধাবনের পাশপাশি তার শিল্পসার্থকতা ও ভাবসৌন্দর্য বিশ্লেষণ করতে শিখবে।

5. SEC

Course Title: ব্যাকরণ ও বানানশিক্ষা

এই কোর্সটির উদ্দেশ্য শিক্ষার্থীকে বাংলা ভাষার গঠন সম্পর্কে অবহিত করা। বাংলা ব্যাকরণের বিভিন্ন উপাদান সম্পর্কে শিখে যাতে সে বাংলা বলা এবং লেখা উভয় ক্ষেত্রেই দক্ষতা লাভ করে, এই কোর্সে তারই চেষ্টা করা হবে। কোর্সটি পড়ার পর বাংলা ভাষার প্রয়োগগত দিক সম্পর্কে শিক্ষার্থী প্রাথমিক দক্ষতা লাভ করবে।

SEMESTER II

1. Major Course

Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস: প্রাচীন ও মধ্যযুগ ।

কোর্সটির উদ্দেশ্য হল বাংলা ভাষা ও সাহিত্যের প্রাগাধুনিক কালের ধারাবাহিক ইতিহাস সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করা। এই কোর্সটি পড়ার ফলে শিক্ষার্থী বাংলা সাহিত্যের প্রাচীন ও মধ্যযুগের লক্ষন, বৈশিষ্ট, কবি ও কাব্য সম্পর্কে সামগ্রিক ধারণা লাভ করবে।

2. Minor Course: বাংলা সাহিত্যের ইতিহাস: প্রাচীন ও মধ্যযুগ

Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস: প্রাচীন ও মধ্যযুগ
কোর্সটি পড়ার ফলে শিক্ষার্থী বাংলা সাহিত্যের প্রাচীন ও মধ্যযুগ লক্ষন, বৈশিষ্ট, কবি ও কাব্য সম্পর্কে সামগ্রিক ধারণা লাভ করতে পারবে।

3. Multi / Interdisciplinary Course

Course Title : গল্প, উপন্যাস

কোর্সটি পড়ার ফলে শিক্ষার্থী বাংলা কথাসাহিত্যের দুই গুরুত্বপূর্ণ সংরূপ গল্প ও উপন্যাস পাঠের অভিজ্ঞতা লাভ করবে। বিভিন্ন বিষয় অবলম্বনে লেখা গল্পগুলি থেকে বাংলা সাহিত্যের বিস্তার সম্পর্কে তার ধারণা হবে।

SEC- 2 :

Course Title : রচনাশক্তির নৈপুণ্য

কোর্সটির উদ্দেশ্য হল শিক্ষার্থীদের রচনাশক্তির নৈপুণ্যের বিকাশ। পত্রলিখন, অনুবাদ, পুঁফ সংশোধন প্রভৃতি উল্লেখিত বিষয়গুলো শিখনের মধ্য দিয়ে শিক্ষার্থীদের লিখন নৈপুণ্যের প্রতিষ্ঠা ঘটবে। এই কোর্সটি পাঠের ফলে শিক্ষার্থী উল্লেখিত নানা বিষয়ে অধীত বিদ্যার প্রয়োগ সার্থকতা লাভ করবে।